সমকাল

তারিখ ... 14 JUN 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির তিন শিক্ষকের বিরুদ্ধে গবেষণায় জালিয়াতির অভিযোগ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

গবেষণার কাজে জালিয়াতির অভিযোগে 'অধ্যাপক' পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকের পদোন্নতি আটকে দিয়েছে 'সিলেকশন বোর্ড'। গত মঙ্গলবার বোর্ডের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। পাশাপাশি অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য একটি তদন্ত কমিটি গঠনের সুপারিশ করে বোর্ড। ওই দিন রাতে সিন্ডিকেট সভায় ঘটনা তদন্তে ৫ সদস্যের একটি তদন্ত কমিটি গঠিত হয়। অভিযুক্ত শিক্ষকরা হলেন- আরবি বিভাগের সহযোগী অধ্যাপক ড. যুবাইর মো. এহসানুল হক, ড. আবু জামাল মো. কুতুবুল ইসলাম নোমানী ও ড. মো. শহীদুল ইসলাম।

এক সিন্ডিকেট সদস্য জানান, সম্প্রতি এই তিন শিক্ষক অধ্যাপক হিসেবে পদোন্নতির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে তাদের ভিন্ন ভিন্ন তিনটি মৌলিক প্রকাশনা জমা দেন। জমা দেওয়া প্রকাশনাগুলো মূল্যায়ন ও পদোন্নতির জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভাপতিত্বে সিলেকশন বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। গত ৯ জুন সিলেকশন বোর্ডের এক সদস্য প্রকাশনা রচনায় ওই তিন শিক্ষকের বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ আনেন। পরে যাচাই-বাছাই শেষে সর্বশেষ মঙ্গলবার সভায় উপস্থিত সবার সর্বসম্মতিতে বোর্ড সিদ্ধান্ত নেয়, 'তিনজন প্রার্থীর গবেষণা কর্মে জালিয়াতির প্রাথমিক দালিলিক প্রমাণ মিলেছে বিধায় কাউকে অধ্যাপক হিসেবে পদোন্নতি দেওয়ার সুপারিশ করা গেল না এবং তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো।'

ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমকালকে বলেন, তিন শিক্ষকের বিরুদ্ধে জালিয়াতির আশ্রয় নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে শিক্ষক ড. যুবাইর মো. এহসানুল হক বলেন, 'আমরা কিছু জানি না। আমাদের আনুষ্ঠানিকভাবে এখনও কিছু জানানো হয় নি।'